মোঃ ফরহাদ কামাল

# ডিবেস ফোর-এ এপ্লিকেশন জেনারেটরের সহজ ব্যবহার

*(পূর্বে প্রকাশিতের পর)*

গত সংখ্যাই এ প্রবন্ধের প্রথম পর্বে আমরা এপ্লিকেশন জেনারেটর কিভাবে তৈরি করতে হয় সেটা আলোচনা করেছি। এবার আমাদের তৈরি করা PHONE1.APP-এর ব্যবহার এবং কিভাবে এর প্রয়োজনীয় পরিবর্তন করতে হয় সেটা আলোচনা করছি।

প্রথমে ডিবেস ফোর-এর কন্ট্রোল সেন্টারের এসিস্ট মেনুতে ছয় নম্বর কলাম "এপ্লিকেশন্স" থেকে PHONE1 পছন্দ করে রান করুন। এখন আপনার মূল এপ্লিকেশনটি লোড হবে। স্ক্রীনে "Personal Electronic Phone Directory, version 1, 1995." ব্যানারটি দেখতে পাবেন। এবার যে কোন "কী" চাপলে আপনি Fig.4 এর মত মেনু পাবেন। এখান থেকে যদি আপনি 'ADD Information'




*Fig. 4*

পছন্দ করেন তাহলে আপনার প্রয়োজনীয় তথ্য সংরক্ষণ করার জন্য আপনি স্ক্রীন পাবেন (Fig. 5) যেখানে আপনি যখন ইচ্ছা নতুন তথ্য সংরক্ষণ করতে পারেন।





*Fig. 5*

একটি কৌশলের কথা এখানে না বলে পারছি না। সেটা হচ্ছে ডিবেস ফোর এর স্ক্রীন ফরম্যাটে ডিফল্ট মেনুকে ডি-অ্যাকটিভ করা হয়েছে। যখন আপনি স্ক্রীন ডিজাইন করেন তখন যদি স্ক্রীনের প্রথম লাইনটি স্পেসবারের সাহায্যে খালি করে রাখেন তাহলে এ কাজটি সম্ভব হবে।

যাহোক, আপনি এখন আপনার এপ্লিকেশনের বাকী অপশনগুলো আপ এবং ডাউন এ্যাপে "কী" এর সহায্যে ব্যবহার করুন। যেগুলো ব্যবহার করলে সহজেই উপকৃত হতে পারেন। আপনার এই অ্যাপ্লিকেশনটি আপনি মোডিফাই বা পরিবর্তন করতে পারেন। Fig. 6 থেকে Fig.10 পর্যন্ত মোডিফাই করার জন্য পুল-ডাউন





*Fig. 6*





*Fig. 7*





*Fig. 8*





*Fig. 9*





*Fig. 10*

(বাকী অংশ ৫৫ নং পৃষ্ঠায়)

# সফটওয়্যারের কারুকাজ

## dBASEIII+

নিম্নোক্ত প্রোগ্রামটি ডিবেস-III+ এ করা। মনে করি আমার একটি ডাটাবেস ফাইল আছে এবং এ ফাইলটিতে একটি ফিল্ড আছে এবং ফিল্ডটিতে সিরিয়াল নাম্বার রয়েছে এবং হয়তো সব সিরিয়াল নাম্বার নাও থাকতে পারে এবং কোন নাম্বার গুলো নেই সেটা বোঝার জন্য নিম্নোক্ত প্রোগ্রাম করা হয়েছে। নিম্নোক্ত প্রোগ্রামটি রান করলে যে যে সিরিয়াল নাম্বার উক্ত ফাইলে নেই সেগুলো প্রিন্ট হয়ে যাবে এবং তখন বোঝা যাবে যে কোন কোন নাম্বার মিসিং হয়েছে।

```
Clear
set talk off
Use test index test
Go Top
Set prin off
Recno=1
Do while.not.eof ()
If recno = serial
Skip
Recno = Recno+1
Loop
Endif
Do while recno <>serial
? Recno
Recno = Recno + 1
Enddo
Recno = Recno+1
Skip
Enddo
Set prin off
Return
```

**কাজী সাঈদা মমতাজ (শার্মীন)**
ঢাকা।

## QBASIC

এটি একটি পাসওয়ার্ড প্রোগ্রাম। এই প্রোগ্রামটি লিখে কম্পাইল করে (কিউবেসিক বা টার্বো বেসিক দ্বারা) AUTOEXEC.BAT ফাইলে লিখে দিলে আপনি যখনই কমপিউটার অন করবেন, তখনই আপনার গোপনীয় পাসওয়ার্ডটি লিখতে বলবে এবং পাসওয়ার্ড ভুল হলে আপনি কমপিউটারে কাজ করতে পারবেন না। প্রোগ্রামটি অবাঞ্ছিত লোকের হাত থেকে আপনার কমপিউটারে রক্ষা করবে। এখানে পাসওয়ার্ড হিসাবে "BINISOFT" ব্যবহার করা হয়েছে।


```
CLS
100:
CLS
COLOR 1,15
N$="BINISOFT"
LOCATE 8, 20
PRINT "ENTER YOUR PASSWORD",
COLOR 4,4
INPUT PASSWORD$
IF UCASE$(PASSWORD$)N$THEN 10
COLOR 15,2
LOCATE 12,15
PRINT "YOU ARE NOT AUTHORISED PERSON, SO PLEASE"
LOCATE 14,18
PRINT "TRY AGAIN OR TURN OFF THE COMPUTER"
FOR I=1 TO 32000: NEXT I
COLOR 7,0
GOTO 100
10:
COLOR 7,0
CLS
END
```

**মোঃ শহিদুল ইসলাম**
বাকেরগঞ্জ, বরিশাল।

## ডিবেজ ফোর-এ এপ্লিকেশন জেনারেটর

(৫৪ নং পৃষ্ঠার পর)

মেনু দেখতে পাবেন। এখান থেকে প্রয়োজনমত অপশন পছন্দ করে আপনার এপ্লিকেশনটি মোডিফাই করুন। আপনার এই সম্পূর্ণ এপ্লিকেশনটি আপনি নতুন ক্যাটালগে কিভাবে রাখবেন সেটা আলোচনা করা দরকার। Fig.11এর PHONE.CAT নামে একটি ক্যাটালগ দেখানো হয়েছে। ক্যাটালগটি করতে হলে প্রথমে কন্ট্রোল সেন্টার থেকে F10 চেপে ক্যাটালগ পছন্দ করুন। তারপর "Use a different catalog"এ গিয়ে নতুন ক্যাটালগের নাম PHONE.CAT লিখুন। এখন আপনাকে প্রথমে অসিস্ট মেনুর প্রথম কলাম "DATA" তে পয়েন্টারকে নিয়ে আসুন এবং F10 চেপে "Add file to catalog" পছন্দ করে PHONE.DBF নির্ধারণ করুন। এখানে আপনি ফাইলটির বর্ণনা লিখে রাখতে পারেন। তারপর, "FORMS", "REPORTS", "LABELS" এবং "APPLICATIONS"এ গিয়ে একই ভাবে প্রয়োজনীয় ফাইলগুলোকে সংযুক্ত করে নিন।




*Fg.11*

এখানে জেনে রাখা ভাল যে, আপনি যদি আপনার সব ফাইলগুলোকে অপরিবর্তনশীল রাখতে চান অর্থাৎ মোডিফাই না করেন। তাহলে Fig.12 এর মত করে ক্যাটালগে সংযুক্ত করতে পারেন। আশাকরি, আপনি এখন নিজে নিজে এপ্লিকেশন জেনারেটর ব্যবহার করে যাবতীয় কাজ সুসম্পন্ন করতে পারবেন।

### ক্যাটালগে ফাইল সংরক্ষণ

| বিষয় | অপরিবর্তনশীল রাখতে চাইলে | পরিবর্তন করতে চাইলে |
|---|---|---|
| FORMS | PHONE.FMO | PHONE.SCR |
| REPORS | PHONE.FRO | PHONE.FRM |
| LABELS | PHONE.LBO | PHONE.LBL |
| APPLICATIONS | PHONE1.DBO | PHONE1.PRG OR PHONE1.APP |

*Fg.12*

Fg.12 এই ফাইলের এক্সটেনশনে FMO, FRO,LBO,DBO প্রভৃতি ফাইলগুলো কম্পাইল্ড অবজেক্ট ফাইল। এদেরকে ক্যাটালগে একত্রিত রাখলে এগুলো ফাস্ট রান করে কিন্তু এডিট করা যাবে না। আপনার পছন্দমত ক্যাটালগে ফাইল পছন্দ করে আপনি কাজ করুন। ❖

**গ্রাহক হবার নিয়মাবলী**

মাসিক কমপিউটার জগৎ-এ গ্রাহক হবার জন্য বার্ষিক (রেজিষ্ট্রি ডাকে) দুইশত টাকা, ষান্মাসিক (রেজিষ্ট্রি ডাকে) একশত দশ টাকা নগদ, মানি অর্ডার, চেক, ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ" নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা-১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে।